

AKASHVANI(AIR)
RNU:KOLKATA
Bengali Text Bulletin

Date 23-11-2025

Time: 1.40 PM

ভোটার তালিকার নিবিড় সংশোধন SIR প্রক্রিয়ায় এনুমারেশন ফর্ম পূরণ ও সংগ্রহের শেষ পর্বে BLO অ্যাপ ও সার্ভারের সমস্যা নিরসনে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগারওয়াল আগামীকাল জরুরি বৈঠকে বসছেন। এই কাজে নিযুক্ত সমস্ত এজেন্সি ও সংশ্লিষ্ট আধিকারিকদের নিয়ে বৈঠকে বসবেন তিনি। সূত্রের খবর, সাম্প্রতিক প্রযুক্তিগত বিপর্যয়ে সাধারণ মানুষ থেকে শুরু করে বিএলও— সবাই সমস্যায় পড়েছেন। ডেটা আপলোড, যাচাইকরণ ও ডিজিটাইজেশনের কাজ ধীর গতিতে চলায় উদ্বেগ তৈরি হয়েছে। সোমবারের বৈঠকে সার্ভার ডাউন হওয়ার কারণ, প্রযুক্তিগত ঘাটতি, তাৎক্ষণিক সমাধান এবং বিকল্প ব্যবস্থা নিয়ে বিস্তারিত আলোচনা হবে বলে জানা গেছে।

00000000000000000000000000000000

এনুমারেশন প্রক্রিয়ায় এখনো পর্যন্ত দক্ষতার সঙ্গে কাজ করা বুথ লেভেল আধিকারিকদের পুরস্কৃত করবে নির্বাচন কমিশন। এপর্যন্ত যে সমস্ত বিএলও নিজের বুথের ৯৯ শতাংশের বেশি এনুমারেশন ফর্ম সংগ্রহ ও ডিজিটাইজ করার কাজ শেষ করেছেন তাঁদের পুরস্কৃত করা হবে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে। একই সঙ্গে তাঁদের দ্রষ্টব্য সামনে রেখে অন্যান্য বুথ লেভেল আধিকারিকদের উজ্জীবিত করতেও উদ্যোগ নেওয়া হচ্ছে। এজন্য পুরস্কার প্রাপকদের ছবি ও ভিডিও বার্তা নির্বাচন কমিশন সামাজিক মাধ্যমেও প্রচার করার সিদ্ধান্ত নিয়েছে। আগামী কাল থেকেই এই প্রক্রিয়া শুরু হবে।

00000000000000000000000000000000

বিএলওদের প্রবল রাজনৈতিক চাপের মধ্যে কাজ করতে হচ্ছে বলে ভোটকর্মী এক্যমঞ্চ অভিযোগ করেছে। ভোটার তালিকায় নাম তোলার জন্য নানা অসদুপায় গ্রহণ করা হচ্ছে বলেও সংগঠনের তরফে নির্বাচন কমিশনকে জানানো হয়েছে। বিএলও-রা যাতে সংশ্লিষ্ট ভোটার সম্পর্কে নিজেদের মন্তব্য বিএলও অ্যাপে লিখতে পারেন, সেজন্য রিমার্কস অপশনের দাবি জানিয়েছে সংগঠনটি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সল্টলেকের বিএ ও সিএ ব্লকের মাঝামাঝি ফুটপাতের ওপর থেকে আজ সকালে বেশ কিছু আধার কার্ড উদ্ধারের ঘটনায় চাপ্পল্য চড়িয়েছে। প্রাতঃভ্রমণকারীরা সেগুলি পড়ে থাকতে দেখে বিধাননগর নর্থ থানায় খবর দেন। আধার কার্ডগুলি সবই রাজস্থান-উত্তরপ্রদেশের মত রাজ্যের বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গের রাজ্যপাল হিসাবে আজ তৃতীয় বছর পূর্ণ করলেন ডঃ সিভি আনন্দ বোস। তার আগে কোটায়াম থেকে কলকাতা, তাঁর কর্মজীবনের যাত্রা সম্পর্কে আকাশবাণীকে দেওয়া একান্ত স্বাক্ষাংকারে অকপট রাজ্যপাল।

(বাইট - রাজ্যপাল)

সাক্ষাংকার নিয়েছেন সন্দীপন দাশগুপ্ত এবং অভিনন্দন ভট্টাচার্য।

পূর্ণসং সাক্ষাংকারটি শুনুন আজ রাত ৮ টায় আকাশবাণী সঞ্চয়িতা এবং 100.1 এফ.এম গোল্ড প্রচার তরঙ্গে।

আকাশবাণী কলকাতার সোশ্যাল মিডিয়ার সবকথি প্ল্যাটফর্মে শোনা যাবে এই অনুষ্ঠান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যপাল ডঃ সি ভি আনন্দ বোসের কার্যকালের চতুর্থ বর্ষের সূচনাকে স্মরণীয় করে রাখতে আজ সারা দিন ধরে রাজভবনে বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়েছে। রাজভবনকে জনরাজ ভবনে পরিণত করার রাজ্যপালের উদ্যোগের সঙ্গে সামঞ্জস্য রেখে সকালে যোগ সচেতনতা কর্মসূচির মাধ্যমে দিনটি শুরু হয়। এরপর রাজ্যপালের অভয়া উদ্যোগের অধীনে একটি ক্যারটে প্রদর্শনী হয়। সকাল দশটায় কেক কাটার মাধ্যমে শুরু হয় দ্বিতীয় পর্যায়ের অনুষ্ঠান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

জাতীয় তদন্তকারী সংস্থার (NIA) অফিসারের পরিচয়ে ভয় দেখিয়ে এক ব্যক্তির কাছ থেকে নগদ ১ লক্ষ টাকা আদায়ের অভিযোগে তিনি প্রতারককে গ্রেফতার করেছে শিলিঙ্গড়ির মাটিগাড়া থানার পুলিশ। ধৃত এহসান আহমেদ ও রেহান বাবর পাঞ্জিপাড়ার বাসিন্দা হলেও শিলিঙ্গড়ির সেবক রোড এলাকার বাসিন্দা। অন্য অভিযুক্ত মানিক রায়ের বাড়ি শিলিঙ্গড়ির ভেগা সার্কেল মলের কাছে। ধৃতদের কাছ থেকে একটি গাড়ি, স্কুটি, ৬টি মোবাইল ফোন, প্রতারণার মাধ্যমে তোলা নগদ ১৩,০০০ টাকা উদ্ধার হয়েছে। আজ ধৃত তিনজনকে শিলিঙ্গড়ি আদালতে তোলা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

স্কুল সার্ভিস কমিশনের নবম দশমের শিক্ষক নিয়োগের ফল আগামীকাল প্রকাশিত হবে। এর কয়েকদিনের মধ্যেই ইন্টারভিউয়ে ডাক পাওয়া প্রার্থীদের নামের তালিকা প্রকাশ করবে এসএসসি। নবম দশমের শিক্ষক পদের মোট শূন্যপদের সংখ্যা ২৩ হাজার ২১২।

এদিকে, একাদশ দ্বাদশের শিক্ষক নিয়োগের তথ্য যাচাই প্রক্রিয়ায় এখনও পর্যন্ত অন্তত তিনশো জন প্রার্থীর তথ্যে গড়মিল পাওয়া গেছে বলে সূত্রের খবর। এরমধ্যে

কয়েকজন প্রার্থীর তথ্য ভুয়ো। কিছু ক্ষেত্রে দেওয়া তথ্যে ভুল রয়েছে। আগামী চৌথা ডিসেম্বর পর্যন্ত তথ্য যাচাই প্রক্রিয়া চলবে।

চাকরীহারা শিক্ষকদের অভিজ্ঞতার জন্য ১০ নম্বর দেওয়ার প্রতিবাদে ফের আন্দোলনে নামছে এসএসসির নতুন চাকরীপ্রার্থীরা। আগামীকাল করুণাময়ী মোড় থেকে বিকাশভবন পর্যন্ত মিছিলের ডাক দেওয়া হয়েছে। অতিরিক্ত ১০ নম্বরের বিষয়টি ভেবে দেখা এবং শূন্যপদ বাড়ানোরও দাবি তুলছেন আন্দোলনকারীরা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রক্ষণাবেক্ষণের কাজের জন্য আগামিকাল রাত ১১.৪৫ মিনিট থেকে পরদিন ভোররাত সাড়ে তিনটে পর্যন্ত শিয়ালদা ও বিধাননগরের মধ্যে এক নম্বর ব্রিজের ৫ নম্বর লাইনে ট্রাফিক ও পাওয়ার ব্লক থাকবে, এই কারণে আগামিকাল শিয়ালদা ও ডানকুনি এবং শিয়ালদা ও নৈহাটির মধ্যে আপ ও ডাউনে কয়েকটি লোকাল ট্রেন বাতিল করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০